

অনলাইনে EIIN এর জন্য আবেদন ফরম পূরণে করণীয়

- (১) অনলাইন EIIN আবেদন ফরম পূরণের পূর্বে শিক্ষা প্রতিষ্ঠানের ছবি Scan করুন, ছবির রেজুলেশন সর্বোচ্চ 1024x1024 pixel এবং .jpg ফরমেটে হতে হবে।
- (২) শিক্ষা মন্ত্রণালয়ের পাঠদানের সম্মতিপত্র, শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিপত্রের কপি, পরিচালক ব্যানবেইস বরাবর EIIN এর জন্য আবেদনের কপি আলাদা আলাদা ফাইলে .pdf ফরমেটে Scan করতে হবে।
- (৩) ব্যানবেইস জরিপের তথ্য ছক পূরণ করার পর তাতে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং জেলা শিক্ষা অফিসারের প্রতিস্বাক্ষর গ্রহণ করে সম্পূর্ণ ফরম .pdf ফরমেটে ১টি ফাইলে Scan করতে হবে। ফাইলের সাইজ কোন অবস্থাতেই 6MB এর বেশী হবে না।
- (৪) প্রতিষ্ঠানটির চার দিকের ৪টি সমজাতীয় শিক্ষা প্রতিষ্ঠানের EIIN, প্রতিষ্ঠানের সঙ্গে দূরত্ব ও দিক সংগ্রহ করে অনলাইন - এ এন্ট্রি করতে হবে।
- (৫) প্রতিষ্ঠানের অক্ষাংশ ও দ্রাঘিমাংশ সংগ্রহ করে অনলাইন- এ এন্ট্রি করতে হবে। এক্ষেত্রে যেকোন android phone এ GPS Location, coordinates software install করে GPS value পাওয়া যেতে পারে।
- (৬) অনলাইন EIIN ফরম পূরণ করে আবেদন ও কাগজপত্র www.banbeis.gov.bd এর মধ্যে অনলাইন EIIN এ সাবমিট করতে হবে। আবেদন সাবমিট হওয়ার সঙ্গে সঙ্গে প্রতিষ্ঠানের মোবাইল নম্বরে SMS মাধ্যমে ট্র্যাকিং নম্বর ও পাসওয়ার্ড চলে যাবে। পরবর্তিতে অনলাইনে ট্র্যাকিং নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আবেদনের অবস্থান জানা যাবে।
- (৭) আবেদনের অবস্থা জানতে এবং EIIN সনদ সংগ্রহ করার জন্য ট্র্যাকিং নম্বর ও পাসওয়ার্ড সংরক্ষণ করতে হবে।
- (৮) চূড়ান্ত অনুমোদনের পর পুনরায় EIIN সহ মোবাইলে SMS যাবে। www.banbeis.gov.bd সাইটে অনলাইন EIIN এ Click করতে হবে। Institute Tracking Menu তে click করে পূর্বের প্রেরিত ট্র্যাকিং নম্বর ও পাসওয়ার্ড দিয়ে EIIN সনদ প্রিন্ট করা যাবে।
- (৯) এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও UITRCE এর সহকারী প্রোগ্রামারের সহযোগিতা পাওয়া যাবে।

বিঃ দ্রঃ স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা, স্বতন্ত্র কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বেসিক ৩৬০ ঘন্টার ট্রেনিং সেন্টার ও ইংলিশ মিডিয়াম স্কুলের EIIN প্রদান করা হয় না।